

আমি এলেম তারি দ্বারে, ডাক দিলেম অন্ধকারে হা রে ॥

আগল ধরে দিলেম নাড়া— প্রহর গেল, পাই নি সাড়া,

দেখতে পেলেম না যে তা রে হা রে ॥

তবে যাবার আগে এখান থেকে এই লিখনখানি যাব রেখে—

দেখা তোমার পাই বা না পাই দেখতে এলেম জেনো গো তাই,

ফিরে যাই সুদূরের পারে হা রে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Brindavani-Sarang
Visit www.geetabitan.com for notation and other detail